মেহেরপুর শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা

মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।

আজ রবিবার (৩১জুলাই) দুপুরে সংগঠনটির মিলনায়তনে ত্রি-বার্ষিক নির্বাচনী তফসিল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য রাহিনুরজামান পলেন।

তফসিলে আগামী ২ আগস্ট ভোটার তালিকা আপত্তি দাখিল, ৩ আগস্ট ভোটার তালিকা আপত্তি নিষ্পত্তি, ৪ আগস্ট চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ৫ আগস্ট মনোনয়নপত্র বিক্রি শুরু ৬ আগস্ট মনোনয়নপত্র জমা, ৭ আগস্ট মনোনয়নপত্র বাছাই, ৮ আগস্ট মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন, ৯ আগস্ট চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ এবং ওই দিনই প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ, ২০ আগস্ট শনিবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে।

এ সময় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য এমদাদুল হক ও আসাদুল ইসলাম উপস্থিত ছিলেন।

মোনাখালীতে মিডার কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

প্রতিকূলতা দূরে থাক মিডা এগিয়ে যাক এই শ্লোগানকে সামনে রেখে মুজিবনগর উপজেলার মোনাখালীতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে মোনাখালী শিক্ষা উন্নয়ন সংঘ, মিডা এ কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

আয়োজন করে।

স্থানীয় সংগঠন মিডার সভাপতি মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কৃতি শিক্ষার্থী সংবর্ধণা অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন মিডার উপদেষ্টা পরিষদের সদস্য ও মেহেরপুর সদর সহকারী শিক্ষা অফিসার আসাফুদ্দৌলা শামিম।

মিডার উপদেষ্টা ও রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, উপদেষ্টা ও পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিরিনা আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাজী সাদেক আলী, মিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক বায়োজিদ হোসেন।

এছাড়া বক্তব্য রাখেন, মিডার সাধারণ পরিষদের সদস্য শাহীনুর রহমান মানিক, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, মুজিবনগর উপজেলা মুক্তিযুদ্ধ কমান্ডার আমজাদ হোসেন, সাবেক চেয়ারম্যান মাহাবুবুর রহমান ডাবলু, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক মেনেজিং কমিটির সভাপতি কামারুল ইসলাম।

সকল অতিথিবৃন্দুরা গ্রামের সকল ছাত্র – ছাত্রী ও কৃতি শিক্ষার্থীদের উদ্দেশে দিক নিদের্শনা ও লেখাপড়া মান উন্নয়ন নিয়ে কথা বলেন। সেই সাথে বিশ্ববিদ্যালয়,মেডিকেলে চাঞ্চপ্রাপ্ত ছাএ-ছাএীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানায় এবং তাদের হাতে মিডার পক্ষ থেকে ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন সাধারণ পরিষদের সদস্য শহিদুল ইসলাম আন্টু, মিজানুর রহমান, মিডার সাবেক সভাপতি হাসানুজ্জামান সোহাগ, সাবেক লাইব্রেরি সম্পাদক রকিবুল ইসলাম, সহসভাপতি সালাউদ্দিন, রাজু আহম্মেদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহম্মেদ মুন্না, অর্থ সম্পাদক আসিফ ইকবাল শুভ, লাইব্রেরি সম্পাদক মাহফুজ ইমন, মুস্তাকিন আলী, নাজমুল হোসাইন, কানিজ সুবর্না তন্নি, নাইমা শ্রাবনী, মুস্তাকিম, আল মামুন,সদস্য পিয়াস, রাকিব, সাব্বির, অন্তর, রাজিব ,জিহাদ প্রমুখ।

মেহেরপুরে রক্তদানের মাধ্যমে রক্তদাতা দিবস পালিত

অজানা অচেনা মানুষের জীবন বাঁচাতে নীরবে-নিভৃতে নিজেদের রক্ত দান করে স্বেচ্ছায় রক্তদাতারা যে মহৎ কাজ করছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রদর্শন ও সাধারণ মানুষকে রক্তদানে আগ্রহী করে তোলাই বিশ্ব রক্তদাতা দিবসের মূল উদ্দেশ্য।

আজ মঙ্গলবার সকাল ১১ টায় একজন ক্যান্সার আক্রান্ত রোগীর জন্য রক্তদানের মাধ্যমে দিবসটির সূচনা করলো “আজকের ভালো কাজ” সংগঠন। রক্তদান করলেন নিয়মিত রক্তদাতা মোঃ রাজন ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনটির সভাপতি আফসানা বিশ্বাস তিথি, সহ-সভাপতি হাসানুজ্জামান, সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ, যুগ্ম সম্পাদক নাসিমুল জুনায়েদ ও কোষাধক্ষ্য সালেহীন সাহেদ ।

আফসানা বিশ্বাস তিথি বলেন, বিশ্ব রক্তদাতা দিবস আজ । স্বেচ্ছায়, বিনামূল্যে নিজের শরীরের রক্তদান করার মতো অকুতোভয় বীরদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করাই আমাদের মূল উদ্দেশ্য। এথেকে সাধারণ মানুষের মাঝেও যেন অভয় কাজ করে এবং রক্তদানে উৎসাহী হয়। রক্তদাতা রাজন ইসলাম বলেন, রক্তদানের মতো মহৎ কাজে নিজেকে উৎসর্গ করতে পেরে ভালো লাগছে। প্রত্যেক সুস্থ মানুষেরই উচিত নিয়মিত রক্তদান করে অসুস্থ মানুষের পাশে দাঁড়ানো।

“আজকের ভালো কাজ” সংগঠনটি ২০১৬ সাল থেকে মেহেরপুর জেলায় রক্তদান ও বৃক্ষরোপণসহ অন্যান্য সামাজিক কার্যক্রম চালিয়ে আসছে।

মেহেরপুরে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর হেল্প ফাউন্ডেশনের আয়োজনে সদর উপজেলার উত্তরশালিকা গ্রামের ৫ শতাধিক দরিদ্র অসহায় রোগীদের মাঝে ফ্রী মেডিকেল

চিকিৎসা সেবা দেওয়া হয়েছে।

আজ রবিবার (২৯ মে) সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত উত্তর শালিকা গ্রামের হাট প্রাঙ্গণে এই ফ্রী মেডিকেল সেবা প্রদান করেন হেল্প ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইকো কাউন্সিলিং ও ফিজিও থেরাপিষ্ট ও পুষ্টিবিদ দিলারা জাহান ও খুলনা মেডিকেল কলেজের ইউনানি চিকিৎসক শামীম রেজা।

এসময় হেল্প ফাউন্ডেশনের উপদেষ্টা সাংবাদিক রফিকুল আলম, সাংবাদিক আলামিন হোসেন, সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষক মহিবুল ইসলাম ও উত্তর শালিকা গ্রামের বিশিষ্ট ব্যাক্তি আব্দুল বারী উপস্থিত ছিলেন।

ফ্রী মেডিকেল ক্যাম্পে এলাকার অসহায় দরিদ্র ৫ শতাধিক রোগীকে হাপানি, ডায়াবেটিকস, এ্যাজমা, হাটু, মাজা ও শিরায় ব্যাথাসহ ফিজিও থেরাপি চিকিৎসা প্রদান করা হয়।

কাথুলিতে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে সমন্বয় সভা অনুষ্ঠিত

বিদ্যালয় থেকে শির্ক্ষাথী ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে, অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার ধলা মাধ্যমিক বিদ্যালয় অনুষ্ঠিত হয়েছে।
ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় কন্যা শিশু ও এ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার ও সিরাজুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রাম উন্নয়ন দলের সভাপতি ফজলুল হক কাবুল হোসেন, স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের সদস্য আনারুল

ইসলাম। উপস্থিত ছিলেন ভি,ডি,টি, নারী নেত্রী, ও ইয়ুথ সদস্য বৃন্দ।
শিক্ষার্থী ঝরে পড়া রোধে এবং বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি এবং নিয়মিত বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
সমন্বয় সভায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর কাথুল ইউনিয়ন সমন¦য়ক মো: বাশার উপস্থিত ছিলেন।

মটমুড়া ইউনিয়ন পরিষদে জনঅংশগ্রহণ মূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¦ক জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা আজ বৃহস্পতিবার সকালের দিকে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ও মটমুড়া ইউনিয়ন পরিষদের আয়োজনে এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¡ক দিনব্যাপি এই কর্মশালা অনুষ্ঠিত হয়।
মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায়
প্রধান অতিথির বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর আঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্টের গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, মটমুড়া ইউপি সচিব রফিকুল ইসলাম, কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক জনাব তোজাম্মেল ইসলাম, মটমুড়া ইউনিয়ন ভলেন্টিয়ার ফোরাম সভাপতি হাসান আলী। কর্মশালা পরিচালনা করেনদ হাঙ্গার প্রজেক্ট এর প্রশিক্ষন বিভাগের প্রশিক্ষক সুখময় পাল।
প্রশিক্ষণ কর্মশালায় এসডিজি স্থানীয়করণে পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা নির্ধারণে স্থানীয় সম্পদ ও নেতৃত্ব, এবং সরকারি বরাদ্দের যথাযথ ব্যবহার করে ইউনিয়নের অগ্রাধিকার প্রাপ্ত সমস্যা

সমাধান করার কৌশল নিয়ে আলোচনা করা হয়।
এসময় মটমুড়া ইউনিয়নের সাধারণ সদস্য, সংরক্ষিত নারী সদস্যবৃন্দ, স্থানীয় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ইউনিয়নের কাজী, কমিউনিটি ক্লিনিক হেলথ প্রোভাইডার, ইউনিয়নে কর্মরত সরকারি কর্মকতা সহ প্রাম উন্নয়ন দলের উজ্জীবক, নারী নেত্রী, ইয়ুথ লিডার সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।
প্রশিক্ষণ কর্মশালায় সহায়ক ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট এর মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

গাংনীর কাজিপুর ইউনিয়নে জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এস ডি জি ইউনিয়ন গড়ার লক্ষ্য গাংনীর কাজিপুর ইউনিয়ন পরিষদে প্রত্যাশা ভিত্তিক জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (২৫ মে) বেলা ১১ টার সময় কাজিপুর ইউনিয়ন পরিষদ হল রুমে দি হাঙ্গার প্রজেক্টের সহায়তায় কর্মশালার আয়োজন করা ।
কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিকল্পনা কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার সুখময় পাল।
এসময় কাজিপুর ইউনিয়ন ভিডিডি এর সভাপতি সাহাবুদ্দীন, স্থানীয় পিরতলা সরকারী প্রাথমিক বিদালয়ের প্রধান শিক্ষক আব্দুল হাদী, দি হাঙ্গার প্রজেক্টের কাজিপুর ইউনিয়ন সমন্বয়কারী রোকনুজ্জামান উপস্থিত ছিলেন।
কর্মশালায় কাজিপুর ইউনিয়নের সকল ইউপি সদস্য, ইউনিয়ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বৃন্দ,ও গ্রাম উন্নয়ন দলের সদস্যরা উপস্থিত ছিলেন। কর্মশালা সঞ্চালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার শহরের কাশারি পাড়ায় জেলা প্রেস ক্লাবের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সহসভাপতি নাসের চৌধুরী, কোষাধাক্ষ্য দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক শাহিন আহমেদ, নির্বাহী সদস্য হারুন অর রশিদ রবি, সিরাজুদ্দেজা পাভেল, তোফায়েল হোসেন, আমিরুল ইসলাম অল্ডাম। উপস্থিত ছিলেন নির্বাহী সদস্য মর্তুজা ফারুক রুপক, সাধারণ সদস্য ইয়াদুল মোমিনসহ অন্যান্য সদস্যবৃন্দরা।

সভায় বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, পৌর ও ইউনিয়ন পরিষদের নির্বাচনে সাংবাদিকদের ভূমিকা কি হবে। কিভাবে সঠিক সংবাদ তুলে ধরতে হবে এবং ক্লাবের মানোউন্নয়নে নানা বিষয় নিয়ে আলোচনা করা হয়।

মুজিবনগরে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত সমাজ গঠনের প্রত্যয়ে সেমিনার

“আমিই স্বপ্ন আমিই পৃথিবী”এই মূলসুরকে সামনে রেখে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদ মুক্ত সমাজ গঠনের প্রত্যয় এবং নিজের স্বপ্ন বাস্তবায়িত করার অঙ্গীকার নিয়ে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ডে দিন ব্যাপি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বিতরণ

ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশের উদ্যেগে মেহেরপুর জেলায় করোনা ভাইরাসের প্রভাবে আর্থিক ক্ষতিগ্রস্থ অসহায় দুস্থ ও প্রতিবন্ধি ৪০০ মাতৃ ক্লাবের সদস্যদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ সোমবার ইমপ্যাক্ট ফাউণ্ডেশন চত্ত্বরে খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউপি চেয়ারম্যান মোঃ বোরহান উদ্দিন চুন্নু। সভাপতিত্ব করেন ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, মেহেরপুর প্রোগ্রামের মোঃ সফিকুল ইসলাম।

এছাড়াও বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলের ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, মেহেরপুর প্রোগ্রামের বিভিন্ন পর্যেয়ের কর্মকর্তাগন, সাংবাদিক বৃন্দ ও অফিস স্টাফ গন।